

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮৪৩

আগরতলা, ৩১ ডিসেম্বর, ২০২০

সোশাল অডিট ইউনিট অধিকর্তার  
কার্যালয়ের ওয়েবসাইটের সূচনা

আজ এক অনুষ্ঠানে সোশাল অডিট ইউনিট অধিকর্তার কার্যালয়ের ওয়েবসাইট চালু হয়েছে। এই ওয়েবসাইটটির মাধ্যমে রাজ্যের গ্রামোন্নয়ন ও অর্থ দপ্তরের বিভিন্ন কাজের চিত্র তুলে ধরা হবে। এই ওয়েবসাইটটি হলো [www.socialaudittripura.gov.in](http://www.socialaudittripura.gov.in)। উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা সোশাল অডিট ইউনিটের অধিকর্তার অফিস কক্ষে আনুষ্ঠানিকভাবে এই ওয়েবসাইটটির সূচনা করেন। অনুষ্ঠানে উপমুখ্যমন্ত্রী বলেন, এই ওয়েবসাইটটি চালু করায় এমজিএন রেগা, প্রধানমন্ত্রী আবাস যোজনায় গৃহ নির্মাণ সহ বিভিন্ন ক্ষেত্রের তথ্য মানুষের কাছে পৌঁছে দেওয়ার কাজ অনেক সহজ হবে। এতে করে কাজের স্বচ্ছতাও বেড়ে যাবে। তিনি বলেন, এই ডিজিটাল প্রযুক্তির যুগে কাগজের ব্যবহার যত কমানো যাবে ততোই প্রশাসনিক কাজকর্ম মানুষের জন্য সহজ, সরল ও সুবিধাজনক হবে। সোশাল অডিট ইউনিট থেকে জানানো হয় দপ্তরের এই ওয়েবসাইটের মাধ্যমে রাজ্যের ৫৮টি ব্লকের ১,১৫১টি গ্রামের কাজকর্মের তথ্য জানা যাবে।

\*\*\*\*\*